দেশের সব স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণ, শিক্ষার্থীদের বন্ধ হওয়া উপবৃত্তি পুনরায় চালু করা এব! কোডবিহীন প্রতিষ্ঠানের কোড প্রদানসহ ৭ দফা দাবিতে মানববন্ধন করেছে স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা শিক্ষক ঐক্যজোট। গতকাল বুধবার সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে এই মানববন্ধন কর্মসূচি পালন করে এবতেদায়ি মাদ্রাসা শিক্ষকরা।

advertisement

সংগঠনের সমন্বয়কারী কাজী ফয়েজুর রহমান বলেন, ১৯৯৪ সালে একই পরিপত্রে প্রাইমারি ও স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা একইভাবে ৫০০ টাকা ভাতা প্রদান করা হয়। পরে ধাপে ধাপে প্রাইমারির বেতন বৃদ্ধি করে। সর্বশেষ ২০১৩ সালে ২৬ হাজার ১৯৩টি প্রতিষ্ঠান জাতীয়করণ করা হয়। কিন্তু এবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণ

করা তো দূরের কথা, এমপিওভুক্তও করা হয়নি।

শিক্ষকদের ৭ দফা দাবিগুলো হলো- প্রাথমিক বিদ্যালয়ের মতো স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসাগুলো জাতীয়করণ করা; স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার নীতিমালা-২০১৮ বাস্তবায়ন করা; স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার পাঠদানের অনুমতির স্থগিতাদেশ প্রত্যাহার করা; রেজিস্ট্রেশনপ্রাপ্ত কোডবিহীন স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসাগুলো মাদরাসা বোর্ডের কোডের অন্তর্ভুক্ত করা; স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার শিক্ষার্থীদের বন্ধ হওয়া উপবৃত্তি পুনরায় চালু করা; স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসায় একজন অফিস সহায়কের পদ সৃষ্টি করা এবং স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষার অটোপাসের প্রজ্ঞাপন জারি করা।